ঢাকা ওয়াসা

"Emergency Repairs of DMA Maintenance Vehicle (Dhaka Metro Ma-11-7579) and Water Trolly (Dha-11-0120, Dha-11-0426) under Mods Zone-1, Dhaka WASA."- শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১) ২০২৫-২৬ ইং অর্থ বছরের ক্রয় পরিকল্পনার কপি।
২) প্রাপ্ত কোটেশন।
৩) কাজের প্রাক্কলন।

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১ এর ডিএমএ মেইনট্যানেন্স কাজে ব্যবহৃত (Dhaka Metro Ma-11-7579) গাড়ীটি দ্বারা অত্র জোনের আওতাধীন বিভিন্ন ডিএমএ রক্ষনাবেক্ষন এর কাজ সমূহ পরিচালিত হয়ে আসছে। গাড়িটির Air Filter drum ক্ষতিগ্রস্থ থাকায় তা দ্রুত পরিবর্তন করা দরকার। এছাড়া, বিদ্যমান পানির গাড়ি (Dha-11-0120, Dha-11-0426) প্রতিনিয়ত গ্রাহক চাহিদা পুরণে নিয়োজিত রয়েছে। গাড়ি গুলির Indecator Lamp, Horn কাজ না করায় রাস্তায় চলাচলে সমস্যা হচ্ছে এবং প্রায়শ-ই রাস্তার ট্রাফিক পুলিশ দ্বারা বিরম্বনার মুখে পড়তে হয়। তাছাড়া, গাড়ীটির Master Cylinder, Foot reast ইত্যাদি পরিবর্তন করা অতীব প্রয়োজন। সেই বিবেচনায়, আলোচ্য কাজটি সম্পাদনের জন্য বর্তমান বাজার যাচাই এর লক্ষ্যে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদার হতে কোটেশন সংগ্রহ করা হয়েছে। প্রাপ্ত কোটেশনের সর্বনিম্ন দরদাতার দর অনুসরণে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে, যেখানে টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ২৩,৮০০/- (তেইশ হাজার আটশত) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয় ভার মডস জোন-১ এর ২০২৫-২৬ ইং অর্থ বৎসরের ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-Package No:WR-12(B)-05, জরুরি যানবাহন রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহ করা হবে। কাজ শেষে উক্ত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

২। এমতাবস্থায়, "Emergency Repairs of DMA Maintenance Vehicle (Dhaka Metro Ma-11-7579) and Water Trolly (Dha-11-0120, Dha-11-0426) under Mods Zone-1, Dhaka WASA."- শীর্ষক কাজটি PPR-2025 এর বিধি ১০০/১ বিধি অনুসরনে সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদনের জন্য টাঃ ২৩,৮০০/- (তেইশ হাজার আটশত) টাকা মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যাহা **প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা** মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

মোঃ সাকিব রায়হান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা।

মোঃ ইমদাদুল হক
সহকারী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা।

মোঃ আনোয়ার হোসেন
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।